



ইরানের ক্ষেপণাস্ত্র হামলায় ইসরায়েলে তেলআবিবে অগ্নিকাণ্ড



ইসরায়েলে ইরানের হামকায় আগুন। ছবি: সংগৃহীত

ইরানের ছোড়া নতুন ক্ষেপণাস্ত্রের ধ্বংসাবশেষ পড়ে মধ্য ইসরায়েলের কয়েকটি এলাকায় যানবাহনে আগুন লাগার ঘটনা ঘটেছে বলে জানিয়েছে মার্কিন সংবাদমাধ্যম সিএনএন।

ইসরায়েলি পুলিশের তথ্য অনুযায়ী, তেলআবিবসহ আশপাশের বিভিন্ন জায়গায় ক্ষেপণাস্ত্রের অংশবিশেষ ছড়িয়ে পড়েছে। তবে এ ঘটনায় এখন পর্যন্ত কোনো প্রাণহানির খবর পাওয়া যায়নি।

ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ) জানিয়েছে, ক্ষতিগ্রস্ত এলাকাগুলোতে উদ্ধার ও অনুসন্ধান অভিযান চলছে।

আইডিএফের একজন মুখপাত্রের ধারণা, আঘাতের ধরণ বিশ্লেষণ করে এটি ক্লাস্টার ধরনের গোলাবারুদের প্রভাব হতে পারে।

LENS ASIA